গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

## প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : নিতাই চন্দ্র দে সরকার
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

তারিখ : ১৩ মে, ২০২৪ সময় : ১২.০০ ঘটিকা
স্থান : প্রকল্প সমন্বয়কের অফিসকক্ষ, ৫ম তলা উপস্থিতি : পরিশিষ্ট - ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রমসহ বিবিধ বিষয়ে অগ্রগতি উপস্থাপনের জন্য রিজিওনাল কোওর্ডিনেটরকে অনুরোধ জানান। অতঃপর, সভাপতি কর্তৃক আলোচ্য বিষয়সমূহে সকলের মতামত আহবান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র .নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্পের কাজের সংক্ষিপ্ত বর্ণনা, বিগত মাসে প্রকল্পের অগ্রগতি, এই কম্পোনেন্ট এর সম্ভাব্য আউটকাম, চলমান এবং পরবর্তী কার্যক্রম সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে মাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০২। | ল্যান্ড গেজ স্থাপন | ইতিমধ্যে এ প্রকল্প থেকে চূড়ান্তকৃত ৬০টি ল্যান্ড গেজ স্থাপনের জন্য তিন জেলায় তিনজন পৃথক স্থানীয় রাজমিস্ত্রী নিয়োগ দেওয়া হয়েছে।<br><br>বিগত বন্যা মৌসুমে পানির সমতলের উচ্চতা ও অন্যান্য দুর্যোগের ঝুঁকির কথা বিবেচনা করে ল্যান্ড গেজসমূহের উচ্চতা কত হতে পারে সেই বিষয়ে আলোচনা করা হয়। | বিদ্যমান অন্যান্য প্রকল্প ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ল্যান্ড গেজের সাথে সামঞ্জস্য রেখে ল্যান্ড গেজসমূহের উচ্চতা ৩মি. রাখা আবশ্যক। | জিআইএস স্পেশালিস্ট, রেজিওনাল কোঅর্ডিনেটর, ফিল্ড ফ্যাসিলিটেটর (কুড়িগ্রাম, গাইবান্ধা ও জামালপুর) ও প্রোগ্রাম ম্যানেজার |

| ক্র .নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৩। | কিয়স্ক ড্যাশবোর্ড স্থাপন | ১৯টি উপজেলায় কিয়স্ক ড্যাশবোর্ড স্থাপনের জন্য প্রয়োজনীয় টিভি/ডিসপ্লে বোর্ড ক্রয়ের জন্য বিভিন্ন ব্র্যান্ডের বাজারদর ও সহজলভ্যতা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | কিয়স্ক ড্যাশবোর্ডের জন্য টিভি/ডিসপ্লে বোর্ড ক্রয়ের নিমিত্তে যেকোন পরিচিত ব্র্যান্ডের ৫০"/৫৫" টিভি ক্রয় করতে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। | আইসিটি স্পেশালিস্ট ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০৪। | স্বেচ্ছাসেবক দল গঠন | ক) ইতিমধ্যে বিভিন্ন এনজিও হতে ৬৬০২ জন স্বেচ্ছাসেবকের তালিকা পাওয়া গেছে। এই তালিকা সংরক্ষণের জন্য DMC পোর্টালে নতুন একটি ট্যাব তৈরী করে তথ্য সংরক্ষণের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>খ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের 'জাতীয় স্বেচ্ছাসেবা নীতিমালা-২০২৩' এ বর্ণিত মানদন্ড অনুযায়ী স্বেচ্ছাসেবকদের বয়স, শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি বিষয় বিবেচনায় রেখে স্বেচ্ছাসেবক নির্বাচন করা নিয়ে সভায় আলোচনা করা হয়। | ক) স্ববেচ্ছাসেবকদের ডাটাবেজ সংরক্ষনের জন্য DMC পোর্টালে একটি নতুন ট্যাব তৈরী করে সেখানে তথ্য সংরক্ষণ করতে হবে।<br><br>খ) জাতীয় স্বেচ্ছাসেবা নীতিমালা-২০২৩ অনুসরণ করে স্বেচ্ছাসেবক নির্বাচন করতে হবে। | কমিউনিকেশন অফিসার, রিজিওনাল কো-অর্ডিনেটর ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০৫। | টপোগ্রাফি সার্ভে | কুড়িগ্রাম জেলার রৌমারী ও চর রাজিবপুর উপজেলায় চলমান টপোগ্রাফি সার্ভের অগ্রগতি এবং দ্রুততম সময়ে টপোগ্রাফি সার্ভে শেষ করার বিষয়ে আলোচনা করা হয়। | দ্বিতীয় ড্রোন ব্যবহার করে আগামী বন্যা মৌসুমের পূর্বে কুড়িগ্রাম জেলার অবশিষ্ট এলাকার টপোগ্রাফি সার্ভে সমাপ্ত করতে হবে। | হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, জিআইএস স্পেশালিস্ট ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০৬। | ভয়েস মেসেজ পোর্টাল | বন্যা মৌসুমে ভয়েস মেসেজের মাধ্যমে আগাম সতর্কাবার্তা প্রচারের জন্য সিস্টেম ডেভেলপমেন্ট ও সিস্টেম টেকসইকরণে উপযুক্ত VOIP সার্ভিস প্রোভাইডার নির্ধারণের বিষয়ে আলোচনা হয়। | ভয়েজ মেসেজ পোর্টাল টেকসইকরণে বিটিসিএল ও গ্রামীণফোন হতে সেবা গ্রহণের উদ্দেশ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সভার আয়োজন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, ও আইসিটি স্পেশালিষ্ট |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪. ৪২

তারিখ: ১৫-০৫-২০২৪ খ্রিঃ

**<u>অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:</u>**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।
০২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। উপ-প্রকল্প সমন্বয়ক (ICT/ GIS ও RM), প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
০৪। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।
০৫। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৬। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৭। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৮। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৯। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১০। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১১। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১২। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৩। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট (প্রকল্প সমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫। অফিস কপি/ গার্ড ফাইল।

(মোঃ হাফিজুর রহমান)
উপ-প্রকল্প সমন্বয়ক (জিআইএস/আরএম)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট